

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০০০.০৭৭.০১৮.০০১.২৬.০৯

তারিখ ১০ ফাল্গুন ১৪৩২
২৩ ফেব্রুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের জন্য সম্মানি ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর বিষয়ে নিম্নোক্তভাবে একটি সেল গঠন করা হলো:

(ক) সেলের গঠন:

(১) মাননীয় উপদেষ্টা মোঃ ইসমাইল জবিউল্লাহ	: সভাপতি
(২) প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	: সদস্য
(৩) প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	: সদস্য
(৪) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	: সদস্য
(৫) সচিব, স্থানীয় সরকার বিভাগ	: সদস্য
(৬) সচিব, অর্থ বিভাগ	: সদস্য
(৭) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়	: সদস্য
(৮) সচিব, ধর্ম মন্ত্রণালয়	: সদস্য সচিব

(খ) সেলের কার্যপরিধি:

- (১) মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের জন্য যথোপযুক্ত মাসিক সম্মানি প্রদানের লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন;
- (২) উপকারভোগী নির্বাচনের মানদণ্ড নির্ধারণ;
- (৩) ভাতা বিতরণ কার্যক্রমের সমন্বয় সাধন;
- (৪) উক্ত সেল আসন্ন ঈদ-উল ফিতর-২০২৬ এর পূর্বে সীমিত পরিসরে মাসিক ভাতা চালুর বিষয়ে কর্মপরিকল্পনাসহ প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে;
- (৫) উক্ত সেল প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২৩/০২/২০২৬

(সায়মা আক্তার)

পরিচালক-১০

ফোন-৫৫০২৯৪৩০

ইমেইল: dir10@pmo.gov.bd

বিতরণ: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব মোঃ ইসমাইল জবিউল্লাহ, মাননীয় উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫. সচিব, অর্থ বিভাগ/ স্থানীয় সরকার বিভাগ/ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির ৫০ কপি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।

অনুলিপি:

১. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব-এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।